

যুগান্তর

সোনারগাঁয়ে ছাত্র নির্যাতন মাদ্রাসা শিক্ষক গ্রেফতার

প্রকাশ : ০১ ডিসেম্বর ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর রিপোর্ট, সোনারগাঁ



নারায়ণগঞ্জের সোনারগাঁ উপজেলার উদ্ধবগঞ্জ এলাকায় মাদ্রাসার ছাত্রকে নির্যাতনের অভিযোগে এক মাদ্রাসা শিক্ষককে গ্রেফতার করেছে পুলিশ। গ্রেফতারকৃত ওই মাদ্রাসা শিক্ষকের নাম ফারুক হোসেন (৩১)। এই ঘটনায় সোনারগাঁ থানায় একটি মামলা দায়েরের প্রস্তুতি চলছে।

পুলিশ ও এলাকাবাসী সূত্রে জানা যায়, উপজেলার উদ্ধবগঞ্জ এলাকায় অবস্থিত দারুল উলুম ক্যাডেট মাদ্রাসার শিক্ষক ফারুক হোসেন গত ২৭

নভেম্বর গভীর রাতে নয় বছর বয়সের এক ছাত্রকে তার কক্ষে নিয়ে নির্যাতন করে।

ঘটনার পরের দিন সকালে মাদ্রাসা ছাত্র বিষয়টি তার পরিবারের লোকজনকে অবহিত করে। নির্যাতনের শিকার ওই মাদ্রাসা ছাত্রের পরিবারের দাবি, ২৭ নভেম্বর গভীর রাতে হামছাদী এলাকার আবদুল খালেকের ছেলে মাদ্রাসা শিক্ষক ফারুক হোসেন ওই ছাত্রকে জোরপূর্বক তার কক্ষে নিয়ে নির্যাতন করে পালিয়ে যায়।

ঘটনার পর ওই মাদ্রাসা ছাত্র অসুস্থ হয়ে পড়ে ও বিষয়টি তার পরিবারের লোকজনকে অবহিত করে। পরে তাকে স্থানীয় একটি হাসপাতালে চিকিৎসাসেবা দেয়া হয়। শুক্রবার দুপুরে মাদ্রাসা ছাত্রের পরিবারের সদস্যরা এলাকাবাসীর সহায়তায় ওই লম্পট শিক্ষককে হামছাদী এলাকা থেকে আটকের পর পুলিশের কাছে সোপর্দ করে। সোনারগাঁ থানার ওসি মো. মোরশেদ আলম পিপিএম বলেন, অভিযুক্ত শিক্ষককে গ্রেফতার করা হয়েছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।